


নং- ২৯.০০.০০০০.২১৮.০৫.০২০.১৭. ২৩৮

তারিখঃ ২০/১২/২০১৭ খ্রিঃ

**বিষয়ঃ এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম ও ২য় ত্রৈমাসিক অর্জন (অর্ধ-বার্ষিক, জুলাই'১৭-ডিসেম্বর'১৭) পরিবীক্ষণ প্রতিবেদন ও প্রমাণক প্রেরণ।**

২০১৭-১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নীতিমালা এর ৪.২ নং অনুসারে প্রতিটি কার্যক্রমের জন্য চুক্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহের বিপরীতে প্রকৃত অর্জন প্রাথমিকভাবে দপ্তরসমূহ নির্ণয় করবে এবং নির্ধারিত হুকে একটি মূল্যায়ন প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণ করবে। প্রাপ্ত মূল্যায়ন প্রতিবেদনসমূহ মন্ত্রণালয়ে যাচাই-বাছাই পূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। এরই ধারাবাহিক অংশ হিসেবে ২০১৭-১৮ অর্থ বছরের বিভিন্ন কর্মকান্ডের লক্ষ্যমাত্রা নির্ধারণের বিপরীতে কতটুকু অংশ অর্জিত হয়েছে তার প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৩। এমতাবস্থায়, তাঁর দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিভিন্ন কর্মকান্ডের লক্ষ্যমাত্রা নির্ধারণের বিপরীতে গত জুলাই'১৭ হতে ডিসেম্বর'১৭ অর্থাৎ ৬ (ছয়) মাসের অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন হুকে এবং এ সংক্রান্ত প্রমাণক তথ্যাদির হার্ডকপি ও সফট কপিসহ (সিডি/পেনড্রাইভে) আগামী ০২ জানুয়ারি ২০১৮ তারিখের মধ্যে হার্ডকপি ডাকযোগে এবং সফট কপি ই-মেইলে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(সুবিনয় ভট্টাচার্য্য)

উপসচিব

ফোনঃ ৯৫৭৬৬৪৩

Email: [a.mochta@yahoo.com](mailto:a.mochta@yahoo.com)

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। ভাইস-চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাজশামাটি।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাজশামাটি।
- ৩। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ রাজশামাটি/খাগড়াছড়ি/বান্দরবান।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি।
- ৫। ✓ সহকারী প্রোগ্রামার/আইসিটি স্পেশালিস্ট, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে হালনাগাদসহ সংস্থাগুলোতে ই-মেইল করার অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।